গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

**বিষয়ঃ ০৫/০৬/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ০৫/০৬/২০১৮ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

**বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) বিগত ০৩/০৫/২০১৮তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে-এর উপর কমিটির সদস্যগণের মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে কমিটির সকল সদস্য বর্ণিত কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে কারও কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

১.০ **আলোচ্যসূচি-১: ২০১৮-২০১৯ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাথে এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া অনুমোদনঃ**

যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা ২০১৮-২০১৯ অনুযায়ী মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি করার নির্দেশনা রয়েছে এবং তা মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) কর্তৃক ৭ জুন/২০১৮ তারিখের মধ্যে অনুমোদনের নির্দেশনা রয়েছে। মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার মধ্যে চুক্তিতে মোট কর্মসম্পাদন সূচকের মান নির্ধারণ করা হয়েছে ১০০। এর মধ্যে কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য কর্মসম্পাদন সূচকের মান নির্ধারণ করা হয়েছে ৭৫ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য কর্মসম্পাদন সূচকের মান নির্ধারণ করা হয়েছে ২৫।

মন্ত্রণালয়ের সাথে এ মন্ত্রণালয়াধীন ০৭ টি দপ্তর/সংস্থা যথাঃ মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মেরিন ফিশারিজ একাডেমি, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল ও বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর চুক্তির খসড়া প্রণয়ন করা হয়েছে। দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা ২০১৮-২০১৯ অনুযায়ী APA এর কাঠামোতে ০৮ টি অংশ রয়েছে, যা নিম্নরূপঃ

১। উপক্রমণিকা
২। কর্মসম্পাদনের সার্বিক চিত্র
৩। সেকশন-১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি
৪। সেকশন-২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)
৫। সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ
৬। সংযোজনী-১: শব্দসংক্ষেপ

৭। সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

৮। সংযোজনী-৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

কাঠামো অনুযায়ী চুক্তির খসড়া প্রস্তুত করা হয়েছে। চুক্তিগুলো পর্যালোচনা করে বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যের সংখ্যা এবং তা বাস্তবায়নের জন্য কার্যক্রম সংখ্যা নিম্নরূপ মর্মে সভায় উপস্থাপন করা হয়ঃ

| দপ্তর/সংস্থার নাম | কৌশলগত উদ্দেশ্যের সংখ্যা | কার্যক্রমের সংখ্যা |
|---|---|---|
| মৎস্য অধিদপ্তর | ৪ টি | ২৫ টি |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৫ টি | ২৬ টি |
| মেরিন ফিশারিজ একাডেমি | ১ টি | ১ টি |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | ৪ টি | ৯ টি |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ৫ টি | ৮ টি |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ৪ টি | ১০ টি |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ৪ টি | ১২ টি |

মৎস্য অধিদপ্তরের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে মৎস্য অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া সভায় উপস্থাপন করেন। যুগ্মসচিব (ব্লুইকোনমি) জানান যে, মৎস্য অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া পত্রের বিভিন্ন স্থানে মৎস্য সেক্টর উল্লেখ করা হয়েছে, যা সংশোধন করে মৎস্য অধিদপ্তর করা প্রয়োজন। কমিটির সকল সদস্য এ প্রস্তাবে একমত পোষণ করেন এবং যে যে স্থানে পরিবর্তন/পরিমার্জন করা প্রয়োজন তা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ছক অনুযায়ী আগামী ০৬/০৬/২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া সভায় উপস্থাপন করেন। যুগ্মসচিব (বাজেট) জানান যে, সংযোজনী-৩ এ অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ শিরোনামের ছক বিস্তারিতভাবে সন্নিবেশন করা এবং পরিশিষ্ট_ক লেখাটি বাদ দেয়ার জন্য মত প্রকাশ করেন। কমিটির সকল সদস্য উক্ত প্রস্তাবে একমত পোষণ করেন। সভার পর্যবেক্ষণ অনুযায়ী অন্যান্য ছোট-খাট ভুল-ত্রুটি সংশোধন করে আগামী ০৬/০৬/২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম তাঁর প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া সভায় উপস্থাপন করেন। যুগ্মসচিব (বাজেট) জানান যে, ১.১ রূপকল্পে সন্নিবেশিত বক্তব্যটি সঠিক হয়নি বরং তা অভিলক্ষ্য অংশে অন্তর্ভুক্ত করা যেতে পারে এবং রূপকল্পটি নতুনভাবে প্রণয়ন করা যেতে পারে। তাছাড়া, প্রধান কার্যাবলী ৫টির পরিবর্তে ৩টি যৌক্তিকভাবে প্রণয়ন করার জন্য সভায় অভিমত ব্যক্ত করেন।

চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন তাঁর প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া সভায় উপস্থাপন করেন। এর ওপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিএফডিসি কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ায় ছোট-খাট ভুল-ত্রুটি সভার পর্যবেক্ষণ অনুযায়ী সংশোধনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট তাঁর প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া সভায় উপস্থাপন করেন। যুগ্মসচিব (বাজেট) জানান যে, বিএলআরআই এর অভিলক্ষ্য আরো সুনির্দিষ্ট এবং স্বয়ং সম্পূর্ণ হওয়া প্রায়োজন এবং সেকশন-২তে কর্মসম্পাদন সূচকসমূহ ৮টির পরিবর্তে যৌক্তিযুক্তভাবে ৪টি করার জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়। কমিটির সিদ্ধান্ত অনুযায়ী চুক্তির খসড়ায় ছোট-খাট ভুল-ত্রুটি সংশোধনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউ-এর প্রতিনিধি তাঁর প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া সভায় উপস্থাপন করেন। যুগ্মসচিব (বাজেট) জানান যে, বিএফআরআই এর সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহে সাল উল্লেখপূর্বক পরিবর্তন করা এবং অভিলক্ষ্য আরো সুনির্দিষ্ট এবং স্বয়ং সম্পূর্ণ হওয়া প্রায়োজন। এ প্রস্তাবে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। তাছাড়া, সভার পর্যবেক্ষণ অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ায় আরো উল্লেখিত ভুল-ত্রুটি সংশোধনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল তাঁর প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া সভায় উপস্থাপন করেন। এর ওপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার পর্যবেক্ষণ অনুযায়ী বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদ চুক্তির খসড়ায় চিহ্নিত ছোট-খাট ভুল-ত্রুটি সংশোধনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভাপতি মহোদয় সভার পর্যবেক্ষণ অনুযায়ী স্ব-স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চিহ্নিত স্থানে পরিবর্তন/পরিমার্জন করে আগামী ০৬/০৬/২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে ২০১৮-২০১৯ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাথে এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া সভায় অনুমোদন করা হয়।

<u>সিদ্ধান্ত:</u>

১.১। ২০১৮-২০১৯ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাথে এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ায় চিহ্নিত স্থানে পরিবর্তন/পরিমার্জন করে আগামী ০৬/০৬/২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১.২। সভার পর্যবেক্ষণের আলোকে তথ্য/উপাত্ত/শব্দ সন্নিবেশ করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাথে এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া অনুমোদন করা হয় এবং যথাসময়ে তা এ মন্ত্রণালয়ের সচিব মহোদয় এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের দ্বারা স্বাক্ষর করার সিদ্ধান্ত গৃহীত হয়;

আলোচ্যসূচি অনুযায়ী সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/৬/১৮

মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।